

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১০০৩

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৫৪. কাতারের পেছনে একাকী দাঁড়িয়ে সালাত পড়া।

بَابِ صَلَاةِ الرَّجُلِ خَلْفَ الصَّفِّ وَحْدَهُ

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مُلاَزِمُ بْنُ عَمْرِو، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بَدْرٍ، حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَلِيّ بْنِ شَيْبَانَ \_ وَكَانَ مِنَ الْوَفْدِ \_ قَالَ خَرَجْنَا حَتَّى قَدَمْنَا عَلَى النَّبِيّ \_ صلى الله عليه وسلم \_ فَبَايَعْنَاهُ وَصَلَّيْنَا خَلْفَهُ ثُمَّ صَلَّيْنَا وَرَاءَهُ صَلَاةً أُخْرَى فَقَضَى الصَّلاَةَ فَرَأَى رَجُلاً فَرْدًا يُصلِّي خَلْفَ الصَّفِّ . قَالَ فَوقَفَ عَلَيْهِ مَلاَةً أُخْرَى فَقَضَى الصَلاَةَ فَرَأَى رَجُلاً فَرْدًا يُصلِّي خَلْفَ الصَّفِّ . قَالَ فَوقَفَ عَلَيْهِ نَبِيُّ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ حين انْصَرَفَ قَالَ " اسْتَقْبِلْ صَلاَتَكَ لاَ صَلاَةَ لِلَّذِي خَلْفَ الصَّفَ" .

#### বাংলা

১/১০০৩। আলী ইবনু শায়বান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা এক প্রতিনিধি দল রওয়ানা হয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে উপস্থিত হলাম। আমরা তাঁর নিকট বাইআত (ইসলাম) গ্রহণ করলাম এবং তাঁর পিছনে সালাত পড়লাম, অতঃপর তাঁর পিছনে আরো এক ওয়াক্তের সালাত পড়লাম। তিনি সালাত শেষে এক ব্যাক্তিকে কাতারের পেছনে একাকী দাঁড়িয়ে সালাত আদায় করতে দেখলেন। রাবী বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নিকট থামলেন এবং সে সালাত শেষ করলে তিনি তাকে বলেন তুমি পুনরায় সালাত পড়ো। কারণ যে ব্যাক্তি কাতারের পেছনে একাকী দাঁড়ায় তার সালাত হয় না।

### **English**

'Abdur-Rahman bin 'Ali bin Shaiban narrated that his father, 'Ali bin Shaiban, who was part of the delegation, said:

"We set out until we came to the Prophet (ﷺ). We gave him our oath of allegiance and performed prayer behind him. Then we offered another prayer behind him. He finished the prayer and saw a man on his own, praying behind the row." He said: "The Prophet of Allah (ﷺ) stood beside



him and when he finished he said: 'Repeat your prayer; there is no prayer for the one who is behind the row.'"

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ; আহমাদ ১৫৮৬২

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: ইরওয়াহ ৩২৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু শায়বান (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন